

“গণ-বিজ্ঞপ্তি”


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মুঃ আসাদুজ্জামান, জেলা প্রশাসক, পাবনা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৬৯, পাবনা-২ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়, পাবনা এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা ও উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনায় মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ: ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


 মুঃ আসাদুজ্জামান
 জেলা প্রশাসক, পাবনা
 ও
 রিটার্নিং অফিসার
 দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
 ৬৯, পাবনা-২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসক, পাবনা
 ও
 রিটার্নিং অফিসারের কার্যালয়
www.pabna.gov.bd

নম্বর- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৩৫.২৩- ১০৭৪(১১)

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪. পুলিশ সুপার, পাবনা
৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ৬৯, পাবনা-২, সুজানগর, পাবনা [তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]
৭. জেলা তথ্য অফিসার, পাবনা [তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ]
৮. উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ৬৯, পাবনা-২, সুজানগর, পাবনা [তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]
৯. অফিসার ইনচার্জ, বেড়া/সুজানগর/আমিনপুর থানা, পাবনা
১০. অফিস কপি


 জেলা প্রশাসক, পাবনা
 ও
 রিটার্নিং অফিসার
 দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
 ৬৯, পাবনা-২